

# শিরোনাম: ফিমেল কর্ণার স্থাপন



(নিজের সুরক্ষা নিজে করি

সুস্থ সুন্দর জীবন গড়ি)

বিদ্যালয়ে শিশুদের আগমন যেন হয় আনন্দময় ও নিরাপদ। বিশেষ করে ৩য় থেকে ৫ম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে মেয়ে শিশুদের মাসিক ঋতুস্রাবের সময় যেন তাদের আগমন যেন নিরাপদ হয়, তাদের জন্য ওয়াশরুকে 'ফিমেল কর্ণার' স্থাপন করা হয়েছে।

**উদ্দেশ্য:** প্রাথমিক স্তরের সাবালক মেয়েদের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা এবং মাসের বিশেষ সময়ে নিজেদেরকে সুরক্ষিত রাখার জন্য ফিমেল কর্ণার স্থাপন করা।

**শিখনফল:** মেয়ে শিশুরা তাদের বিশেষ সময়ে তাদের করণীয় সম্পর্কে জানবে। নিজের পরিবারের অন্য মেয়ে সদস্যদেরকে এ বিষয়ে সচেতন করতে পারবে।

**ফিমেল কর্ণারের উপকরণ:** স্যানিটারি ন্যাপকিন, স্যাভলন, গজ কাপড়, তুলা, হ্যান্ডওয়াশ সামগ্রী।

**অধিক্ষেত্র:** মাধবপুর উপজেলার ১৪৯ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ২০২১-২০২২ অর্থবছরে ৮৬ টি ওয়াশরুকে ফিমেল কর্ণার স্থাপন করা হয়েছে। প্রতিটি স্কুলের 'ফিমেল কর্ণার' এর দায়িত্বে থাকবেন প্রধান শিক্ষক কর্তৃক মনোনীত একজন সহকারী শিক্ষিকা। যিনি শিশুদের বিশেষ এ সময় তাদেরকে স্বাস্থ্য সচেতন করতে হবে এবং যেন স্কুলে উপস্থিত হয় সেজন্য তাদেরকে উদ্বুদ্ধ করতে ফিমেল কর্ণার স্থাপন করা হয়েছে।